



গাজীপুরে একই পরিবারের ৫ জনের গলাকাটা মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

গাজীপুরের কাপাসিয়া উপজেলায় নারী ও শিশুসহ একই পরিবারের পাঁচ সদস্যকে নৃশংসভাবে হত্যা করেছে দুর্বৃত্তরা। শুক্রবার (৮ মে) গভীর রাতে উপজেলার রাউতকোনা গ্রামে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।

নিহতদের মধ্যে এক নারী, তার তিন মেয়ে সন্তান এবং এক তরুণ রয়েছেন। মর্মান্তিক এ ঘটনায় এলাকায় আতঙ্ক ও শোকের পরিবেশ বিরাজ করছে।

স্থানীয়দের ভাষ্য, নিহতরা প্রবাসী মনির হোসেনের বাড়িতে বসবাস করতেন। শুক্রবার রাত পর্যন্ত সবকিছু স্বাভাবিক থাকলেও শনিবার ভোরে বাড়ির ভেতরে পাঁচজনের গলাকাটা মরদেহ পড়ে থাকতে দেখা যায়। কী কারণে এবং কারা এ হত্যাকাণ্ড ঘটিয়েছে, সে বিষয়ে এখনো নিশ্চিত হওয়া যায়নি।

গাজীপুর জেলা পুলিশ সুপার মো. শরিফ উদ্দীন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। হত্যার রহস্য উদঘাটনে তদন্ত চলছে।

LENS ASIA